

# গ্রেটার খুলনা কম্যুনিটি আয়োজিত ইফতার মাহফিল

রাশেদুল ইসলাম, টোকিও

গত ৩০ জুলাই রবিবার, টোকিওর প্রাণকেন্দ্র তাবাতা চিইকি শিনকো শিৎছু হলে, এক ইফতার মাহফিলের আয়োজন করা হয়। আয়জক ছিল গ্রেটার খুলনা কম্যুনিটি, জাপান। জাপানে কয়েকটি প্রবাসী আঞ্চলিক সংগঠন রয়েছে যে গুলো বৃহত্তর জেলা ভিত্তিক হলেও বৃহত্তর খুলনা কম্যুনিটি, খুলনা বিভাগের সব কটি জেলার অধিবাসীদের নিয়ে বৃহৎ আকারের একটি সংগঠন। মাহফিলে উপস্থিত ছিলেন প্রায় দুইশত প্রবাসী গণ্যমান্য ব্যক্তি। টোকিওস্থ বাংলাদেশ দূতাবাসের মান্যবর রাষ্ট্রদূত জনাব আশরাফ উদ দৌলা, অন্যান্য অফিসার বৃন্দও বিশিষ্ট অতিথি হিসাবে উপস্থিত ছিলেন। ইফতারের আগে বিশেষ মোনাজাত পরিচালনা করেন কিতা মসজিদের ইমাম। ইফতারের পরে ছিল সংক্ষিপ্ত আলোচনা অনুষ্ঠান। অনুষ্ঠান পরিচালনা করেন সদস্য সচিব, জাকির হোসেন জোয়ার্দার। স্বাগত বক্তব্য রাখেন যুগ্ম আহবায়ক মনি ঠাকুর। বক্তব্য রাখেন সংগঠনের উপদেষ্টা ডঃ শেখ আলীমুজ্জামান, কাজী মাহফুজুল হক লাল, সাকুরা সাবের সহ সংগঠনের অনেকে। অনেক অতিথিও বক্তব্য রাখেন। মান্যবর রাষ্ট্রদূত তার বক্তব্যে বলেন তিনি প্রবাসীদের জন্য স্মরণীয় কিছু করতে আগ্রহী। পরিশেষে সবাইকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য রাখেন সংগঠনের আহবায়ক মাসুদুর রহমান। আলোচনার পরে ছিল বিরিয়ানী ভোজ। ইফতারের ব্যাপারে সহযোগিতা করেন হারুন জোয়ার্দার সহ সংগঠনের সদস্যবৃন্দ।

